# তেপান্তরী

Tepantori
SEPTEMBER 2003

সেপ্টেম্বর ২০০৩

নিউইয়র্ক ◆ ১২তম সংকলন ◆ সেপ্টেম্বর ২০০৩ খ্রীষ্টাব্দ / ভাদ্র-আশ্বিন ১৪১০ বঙ্গাব্দ ◆ New York ◆ Publication No. 12 ◆ September 2003


## উত্তর আমেরিকায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩

**নিউইয়র্ক থেকে সুবীর এল রোজারিও ঃ** *সেদিন নিউইয়র্কে বেশ গরম পড়েছিল। ঠিক যেন বাংলাদেশের চৈত্রমাসের একটানা বৃষ্টিহীন খরা প্রকৃতির ন্যায়। দিবসের এই প্রখর রৌদ্র কীরনকে উপেক্ষা করে প্রবাসী সংগঠন আহূত দু'দিনের (২৩-২৪শে আগষ্ট, ২০০৩) সম্মেলনে যোগদান করতে আসে আবালবৃদ্ধবনিতা। নিউইয়র্ক-কানেকটিকাট-নিউজার্সি ছাড়াও ওয়াশিংটন, মেরীল্যান্ড, ভার্জিনিয়া, নর্থ ক্যারোলিনা, আটলান্টা, ক্যালিফোর্নিয়া, লুইজিয়ানা ও সুদুর বাংলাদেশ ও কানাডা থেকে লোকজন এই সম্মেলনে অংশগ্রহণ করতে আসে। সম্মেলনে জনগনের এমনি সাড়া প্রদান ছিল নিঃসন্দেহে অতি উৎসাহজনক ও আশাব্যাঞ্জক। উল্লেখ্য, সাত শতাধিক নরনারী এই সম্মেলনে অংশগ্রহণ করে। কুইন্সের জামাইকার সুজেন বি. এন্থনী উচ্চবিদ্যালয়ে এই সম্মেলন আয়োজন করা হয়।*

*সংঘাতময় বিশ্ব পরিস্থিতি প্রবাসী খ্রীষ্টান সংগঠনকে মিলন, শান্তি ও ঐক্য অন্বেষনের কথা ভাবিয়ে তুলে। খ্রীষ্ট পৃথিবীতে জন্মেছিলেন মানুষের মধ্যে সুখ-শান্তি, ও ভ্রাতৃত্ববোধ সৃষ্টি করতে। খ্রীষ্টের এই মহান* (বাকী অংশ ৯ পাতায়)

## নর্থ ক্যারোলিনাতে নতুন সংগঠন

**নর্থ ক্যারোলিনা ঃ** গত ১৩ই অক্টোবর ২০০২ তারিখ, মিঃ টমাস গমেজ CARY তে নর্থ ক্যারেলিনায় বসবাসকারী বাংলাদেশী সকল খৃষ্টান পরিবারের পরিবার-প্রধানদের এক সভায় মিলিত হওয়ার আহ্বান জানান। উক্ত সভায় উপস্থিত সকলে নর্থ ক্যারোলিনায় একটি বাংলাদেশী খৃষ্টান সংগঠন তৈরী করার জন্য একমত হন। ফলে সর্ব-সম্মতি ক্রমে উক্ত সভায় ৭ সদস্য বিশিষ্ট একটি এড-হক কমিটি গঠন করা হয়।

উল্লেখ্য, উক্ত এড-হক কমিটির তত্তাবধানে অতীব সফলতা ও নিষ্ঠার সাথে গত বড়দিন ও ইষ্টার সহ অন্যান্য কার্য্যকলাপ গুলি পালিত হয় এবং মেরীল্যান্ডে অনুষ্ঠিত বড়দিনের সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন করে বিশেষ (বাকী অংশ ৫ পাতায়)

## প্রবাসী বাঙ্গালী খ্রীষ্টান এসোসিয়েশনের বার্ষিক বনভোজন ২০০৩

**নিউইয়র্ক ঃ** গত ২০শে জুলাই, ২০০৩ রবিবার প্রবাসী বাঙ্গালী খ্রীষ্টান এসোসিয়েশন, নিউইয়র্কের হার্টসডেলের রিজরোড স্টেট পার্কে বার্ষিক বনভোজনের আয়োজন করে। সারাদিন ব্যাপী বিভিন্ন রকমের মুখরোচক খাবার পরিবেশন ও খেলাধুলা ছিল বনভোজনে (বাকী অংশ ৮ পাতায়)

## বাঙ্গালী সাংস্কৃতিক সংগঠন, বারমুদা-এর আয়োজনে ১লা বৈশাখ ও পূনরুত্থান উৎসব উদ্‌যাপন

**বারমুদা ঃ** আপন দেশ ছেড়ে সুদূর বারমুদায় এসে শত কর্মব্যস্ততার সামান্য অবসরেও মন চায় মনের আকুতিতে সাড়া দিয়ে আপন সংস্কৃতির সংস্পর্শে উদ্দীপ্ত হতে, প্রফুল্লতায় মনকে জাগ্রত করতে কার না সাধ হয়। বাঙ্গালী হিসেবে বাংলার প্রতি সশ্রদ্ধ ভালবাসা রেখে নিজস্ব কৃষ্টি ও সংস্কৃতিকে প্রকাশ করার অভিপ্রায়ে গত এপ্রিল রবিবার সকল সদস্য-সদস্যাদের সুবিধার্থে (বাকী অংশ ৫ পাতায়)

## মন্ট্রিয়লে নতুন কার্যকরী পরিষদের দায়িত্ব গ্রহণ

**মন্ট্রিয়ল, কানাডা ঃ** গত ২৪শে আগষ্ট "দি বাংলাদেশ ক্যাথলিক এসোসিয়েশন অব কানাডা, মন্ট্রিয়ল" এক বার্ষিক সাধারণ সভার আয়োজন করে। সভার পূর্বে বাংলায় পবিত্র খ্রীষ্টযাগ উদযাপন করা হয়। রেভা. ফাদার লেকাভেলিয়ের এই খ্রীষ্টযাগ উৎসর্গ করেন। (বাকী অংশ ৬ পাতায়)

## কানেকটিকাটে বাংলা মিসা ও পাপস্বীকার

**কানেকটিকাট ঃ** গত ৬ এপ্রিল রবিবার, কানেকটিকাটের হার্টফোর্ডে প্রবাসী বাঙ্গালী খৃষ্টান এসোসিয়েশনের উদ্যোগে এক বাংলা মিসা ও পাপস্বীকারের ব্যবস্থা করা হয়। পাপস্বীকার অনুষ্ঠান ও মিসায় পৌরহিত্য করেন রেভারেন্ট ষ্ট্যানলী গমেজ। (বাকী অংশ ৪ পাতায়)

## ক্যালিফোর্নিয়ায় বিজয় দিবস - ২০০৩ উদযাপন

**ক্যালিফোর্নিয়া ঃ** অগ্নিবীনা বঙ্গীয় সাংস্কৃতিক সংগঠনের উদ্দ্যোগে মহান বিজয় দিবস উৎযাপিত হলো ১২ এপ্রিল ২০০৩ সনে। ক্যালিফোর্নিয়া রাষ্ট্রের সেনবার্ণাডিনো কাউন্টির অন্তর্গত রেডল্যান্ডস্ শহরের অভিজাত এলাকার একটি চমৎকার মিলনায়তনে অনুষ্ঠানটি প্রচুর সমারহ এবং জনসমাগমে ছিল টইটুম্বর। বাংলাদেশের জাতীয় সঙ্গীত গেয়ে মুল অনুষ্ঠানের (বাকী অংশ ৬ পাতায়)

## ক্যাথলিক এসোসিয়েশন অব অন্টারিও'র বার্ষিক বনভোজন

**অন্টারিও, কানাডা ঃ** গত ৩রা আগষ্ট ২০০৩ রোববার "বাংলাদেশ ক্যাথলিক এসোসিয়েশন" প্রতি বছরের ন্যায় এবারও বনভোজনের আয়োজন করে। এই প্রথমবারের মতন গতানুগতিকতার বাইরে টরেন্টো থেকে ১৩০ কিলোমিটার দুরে এক ঐতিহাসিক পবিত্র দর্শনীয় (বাকী অংশ ৭ পাতায়)

## নিউইয়র্কে বিশপ মাইকেল রোজারিওকে প্রাণঢালা সম্বর্ধণা

**নিউইয়র্ক ঃ** বিগত জুলাই মাসে খুলনা ধর্মপ্রদেশের মাননীয় বিশপ মাইকেল ডি রোজারিও এক সংক্ষিপ্ত সফরে নিউইয়র্কে এলে প্রবাসী'র পক্ষ থেকে তাকে বিপুল সম্বর্ধনা প্রদান করা হয়। উল্লেখ্য, আমেরিকার ইন্ডিয়ানা অঙ্গরাজ্যের নটরডেম বিশ্ববিদ্যালয়ে তিনি তার যাজকীয় জীবনের (বাকী অংশ ৭ পাতায়)

## প্রবাসী'র আয়োজনে তালপত্র মিসা

**নিউইয়র্ক ঃ** প্রবাসী বাঙ্গালী খৃষ্টান এসোসিয়েশনের উদ্দ্যোগে গত ১৩ই এপ্রিল রবিবার নিউইয়র্কের কুইন্সে কুইন অব এ্যানজেল চার্চে তালপত্র রবিবারের বাংলা মিসার ব্যবস্থা করা হয়। মিসায় পৌরহিত্য করেন রেভাঃ ষ্ট্যানলী গমেজ ও রেভাঃ ভিনসেন্ট ডেলী। বিকাল ৪:৩০ মিনিটে শরু হয় পাপস্বীকার। এরপর চার্চের বাইরে সমস্ত খ্রীষ্টভক্তরা জড় হন এবং তালপত্র আশীর্বাদ করার (বাকী অংশ ৬ পাতায়)

PUBLISHED BY: PROBASHI BENGALI CHRISTIAN ASSOCIATION, NEW YORK

# CHRISTIAN ORGANIZATIONS IN NORTH AMERICA

## UNITED STATES OF AMERICA

**PROBASHI BENGALI CHRISTIAN ASSOCIATION, INC.**
P.O. Box-1258 Madison Square Station, New York, NY 10159-1258 USA
Phone: 646-773-7790 917-767-4632 Email: probashi051601@aol.com
President Mr. Simon Gomes General Secretary: Mr. Joseph D' Costa
Registered non-profit organization for NY NJ & CT.

**SOURCE AND SOLUTIONS INC. ( COOPERATIVE SOCIETY)**
P.O. Box- 3691 Grand Central Station, New York, NY 10163-3691 USA
Phone: 609-936-1194 718-429-3971
President: Mr. Norbert Mendes General Secretary: Mr. Paul B. Bala

---

**ICHAMOTI BANGLADESHI CHRISTIAN ORGANIZATION OF NORTH CAROLINA**
1112 Open Field Drive, Garner, NC 27529
Phone : 919-556-5464 919-876-6916 Email: ichamoti@excite.com
President: Mr. Francis T. Gomes General Secretary: Mr. Augustine A. Gomes

---

**BANGLADESH CHRISTIAN ASSOCIATION**
13168 Cavinwood Drive, Silver Spring, MD 20904 USA
Phone : 301-879-4476 301-345-2939 Email: imukti@yahoo.com
President: Mr. Leo Rodriguese General Secretary: Mr. Martin Rozario

**CHRISTIAN JUBO SHAMAJ**
1350 Windmill Lane, Silver Spring, MD 20905, USA
Phone: 301-384-4921 301-431-1942 Email: ustadzee@yahoo.com
Contact: Mr. Collins Gomes Mr. Samual D'Costa

**BANGLADESH CHRISTIAN COOPERATIVE SOCIETY**
808 Cannon Road, Silver Spring, MD 20904
Phone: 301-879-3108 301-431-3133
President : Mr. Subash C. Rozario General Secretary : Mr. Felix Gomez

---

## CANADA

**BANGLADESH CATHOLIC ASSO. OF ONTARIO, CANADA**
13 Willow Park Drive, Brampton, ON L6R 2M9, CANADA
Phone: 905-790-1639 416-757-5958 Email: bcao98@aol.com
President : Mr. Dominic Rozario General Secretary: Mr. Augustine P. Gomes

**BANGLADESH CHRISTIAN COOPERATIVE OF ONTARIO, INC.**
155 Linden Avenue, Toronto, ON M1K 3J1, CANADA
Phone: 416-267-5221 416-691-3153 Email: bccso2000@hotmail.com
President: Dr. David H. Mazumdar Gen. Secretary: Mr. Gabriel S. Rozano

**BANGLADESH CATHOLIC ASSO. OF CANADA, MONTREAL**
805 Boul. Ste. Croix
St. Laurent, Montreal, Quebec, QC H4L 3X6 CANADA
Phone: 514-748-2762
President: Mr. Sunil Gomes General Secretary: Mr. Peter Anil Saha

---

## BERMUDA

**BENGALI CULTURAL ORGANIZATION, BERMUDA**
35 Happy Vally Road
Pambrook HM 12 Hamilton, BERMUDA
Phone : 441-296-8336 441-296-6587
President: Mr. Robin Deesa General Secretary: Mr. Patrick Gomes


# সম্পাদকীয়

প্রবাসী'র সকল সদস্য/সদস্যাগন ও তেপান্তরীর সকল পাঠক/পাঠিকাদের আমার আন্তরিক শুভেচ্ছা। আমাদের প্রবাস জীবনে সকলের সাথে যোগাযোগ, মতবিনিময় ও খবরাখবর আদানপ্রদানের একমাত্র মাধ্য ম 'তেপান্তরী'র আগষ্ট সংখ্যা প্রকাশনা করতে পেরে আমরা আনন্দিত ও গর্বিত। কিণ্ত সংখ্যা প্রকাশের পর আজ অবধি প্রবাসের যেসকল অনুষ্ঠান সম্পন্ন হয়েছে সেগুলোর দিকে আমি আলোকপাত করতে চাই। প্রথমতঃ সকলের স্বতঃস্ফুর্ত অংশগ্রহনে বার্ষিক বনভোজন সুন্দরভাবে সম্পন্ন হয়। প্রতিবারের মত এবারও উল্লেখযোগ্য সংখ্যক সদস্য/সদস্যাগনদের উপস্থিতি এবং আমাদের মাঝে চারজন পুরোহিতের উপস্থিতি ছিল সত্যিই আনন্দদায়ক। দ্বিতীয়তঃ ছিল আমাদের বহুল আকাঙ্খিত সম্মেলন। এতবড় একটি অনুষ্ঠানের আয়োজন করতে পেরে আমরা সকলেই গর্বিত। উৎসাহিত হয়েছি বিভিন্ন জনের বিভিন্ন গঠনমূলক কথাবার্তায় ও গঠনমূলক আচার আচরনে। উৎসাহিত হয়েছি ছোটছোট ছেলেমেয়ে এবং যুবক-যুবতীদের অংশগ্রহনে। ভালো লেগেছে বিভিন্ন জায়গা থেকে আগত চেনা অচেনা ভাই-বোনদের দেখে, আনন্দ পেয়েছি বিভিন্ন স্টেট থেকে আগত ভাইবোনদের নানা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান নিখুঁত ও প্রানবন্ত পরিবেশনায়। আমাদের প্রানঢালা অভিনন্দন রইলা তাদের প্রতি। সেই সাথে ধন্যবাদ আপনাদের সকলকে যারা আমাদের বিভিন্ন ভাবে সাহায্য-সহযোগিতা করেছেন কিণ্ত দিনগুলোতে। আহ্বান জানাই আগামীর দিনগুলোতেও যেন আপনাদের সহযোগিত ও সহভাগিতার অকৃপন হাত আমাদের জন্য সফলতা বয়ে আনে।

তেপান্তরীর এ সংখ্যা প্রকাশে যারা বিভিন্ন ভাবে আমাদের সহযোগিত করেছেন তাদের প্রতি রইল আমার কৃতজ্ঞতা। সেইসাথে যে কোন অনিচ্ছকৃত ভুলত্রুটি আপনারা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখে নেবেন। পরিশেষে, আপনাদের সকলের সাথে আবার দেখা হবে, কথা হবে এ আকাঙ্খা রাখি। আপনার সকলে ভাল থাকুন, সুখে থাকুন, সুস্থ থাকুন এবং আসুন আমরা সকলে মিলে একটি আদর্শ খ্রীষ্টিয় সমাজ গড়ে তুলি।

সম্পাদক ঃ যোসেফ ডি' কস্তা (বিকাশ)
বিশেষ কৃতজ্ঞতা স্বীকার ঃ সুবীর লুইস রোজারিও
সামগ্রিক ব্যবস্থাপনায় ঃ সাইমন গমেজ

# First Communion





**গ্রেগরী পার্থ গমেজ**
গার্নার, নর্থ ক্যারোলিনা



**ক্যারোলিন শ্রেয়া রোজারিও**
নর্থ ক্যারোলিনা



**এরিয়েল কুঁইয়া**
ফ্রেশ মেডোও, নিউইয়র্ক



**ক্যারোলিন শ্রেয়া রোজারিও**
নর্থ ক্যারোলিনা



**ডরিন কে. ও নরিণ এ. রোজারিও**
সিলভার স্প্রিং, মেরীল্যান্ড



**ম্যারিলিন রিনি গমেজ**
জার্সি সিটি, নিউজার্সি



**এন্ড্রু গমেজ**
জার্সি সিটি, নিউজার্সি

# একই বৃন্তে দু'টি ফুল



**এলেন রোজারিও ও ইতি রোজারিও**
আগষ্ট ০৯, ২০০৩, সিলভার স্পিং, মেরীল্যান্ড



**আলক শেখর ও রাখী শেখর**
আগষ্ট ১৬, ২০০৩, জার্সি সিটি, নিউজার্সি

# Jewel In The Crown



**পায়েল গমেজ** হাই স্কুল গ্রাজুয়েট
প্রেসিডেন্টস এজুকেশন এওয়ার্ড ও
স্টুডেন্ট এম্বাসাডর এওয়ার্ড পেয়েছে
জার্সি সিটি, নিউজার্সি



**এ্যারন কুঁইয়া** ৮ম গ্রেড
প্রিন্সিপাল এওয়ার্ড রোল এওয়ার্ড
ক্রিশ্চিয়ান লিডারশীপ এওয়ার্ড
ফ্রেশ মেডোস, নিউইয়র্ক



**ক্যাথেরিনা গমেজ (তিথি)**
৫ম গ্রেড
প্রেসিডেন্সিয়াল এওয়ার্ড অর্জন
রালেই, নর্থ ক্যারোলিনা

# কানেকটিকাটে মিসা

(প্রথম পাতার পর)

৬ এপ্রিল রবিবার ছিল সুন্দর ঝকঝকে রৌদ্রকরোজ্জল দিন। নিউইয়র্ক ও নিউজার্সী থেকে প্রবাসী বাঙ্গালী খ্রীষ্টান এসোসিয়েশনের সদস্যরা রেভারেন্ট ষ্ট্যানলী গমেজকে সাথে করে নিয়ে কানেকটিকাটের উদ্দেশ্যে যাত্রা শুরু করেন। কানেকটিকাটের হার্টফোর্ডে মিঃ ক্লেমেন্ট বাদল রোজারিও এর বাসায় মধ্যাহ্ন ভোজ শেষে সকলে মিলে চার্চ অব সেন্ট অগাষ্টিনে পৌছলে, স্থানীয় প্রবাসী বাঙ্গালী খ্রীষ্টান এসোসিয়েশনের বন্ধুরা সবাইকে সাদর সম্ভাষণ জানিয়ে ভেতরে নিয়ে যান। যথাসময়ে মিসা শুরু হয়। রেভাঃ ষ্ট্যানলীর উপদেশ ও উপস্থিত সকলের খ্রীষ্ট ভক্তদের সম্মিলিত গান সকলকে বিমোহিত করে। মিসা শেষে রেভাঃ ষ্ট্যানলী পাপ- স্বীকার শোনেন। এরপর নীচে চার্চ হলে এক জলযোগের আয়োজন করা হয়েছিল। সেখানে সকলে মিলিত হয়ে আনন্দ উল্লাসে বেশ কিছুটা সময় কাটান। বিকেল পাঁচটায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করা হয়।





যাদের সামগ্রীক প্রচেষ্টায় এই অনুষ্ঠান সফল হয়ে উঠে তারা হলেন - শেরু গমেজ, প্রদীপ গমেজ, ডমিনিক গমেজ, ফ্রান্সিস সরকার, ভিনসেন্ট আনজুস, সুজয় রিবেরু, বিশ্ব রিবেরু, সমীর দত্ত, অরুণ প্যারেরা, ক্লেমেন্ট বাদল রোজারিও, মেগ্‌ডালিন রোজারিও, বার্নাবাস মানিক গমেজ, পলাশ দত্ত, দিলীপ গমেজ ও স্বপন গমেজ।

# সম্মেলনের ভিডিও

নিউইয়র্ক শহরে অনুষ্ঠিত ১ম বাঙ্গালী খৃষ্টান সম্মেলনকে ডিজিটাল প্রক্রিয়ায় নিপুন শৈল্পিক ছোয়ায় ভিডিও বন্দী করেছেন প্রবাসীর দক্ষ ফটোগ্রাফারগন। এই ঐতিহাসিক 'আনন্দমিলন'- এর ১ কপি (২টা ভিডিও) আজই অর্ডার করুন। কালের প্রবাহে এই আনন্দ মিলনই হবে আমাদের আনন্দ স্মৃতি।

মূল্য – ১ কপি (২টা ভিডিও) ২৫.০০ (পঁচিশ ডলার) মাত্র।
চেক পাঠাতে হবে `PBCA' নামে।

চেক পাঠানোর ঠিকানা ঃ

PBCA
P.O. Box-1258,
New York, NY 10159
Phone (917) 767-4632, (646) 773-7790,
(718) 805-4941, (212) 353-8821,
(201) 420-1826
E-mail: Probashi051601@aol.com



# লেখা আহ্বান

বড়দিন সংখ্যা "তেপান্তরী" তে ছাপানোর জন্য আপনার লেখা গল্প, কবিতা, রম্য রচনা, ছড়া, উপন্যাস যথাশীঘ্র সম্ভব আমাদের নিম্নোক্ত ঠিকানায় ২০ নভেম্বরের মধ্যে পাঠিয়ে দিন।

PBCA
P.O. Box 1258,
NewYork NY 10159
E-mail: Probashi051601@aol.com


# বাঙ্গালী সাংস্কৃতিক সংগঠন, বারমুদা-এর আয়োজনে

(প্রথম পাতার পর)

বাঙ্গালী সাংস্কৃতিক সংগঠনের আয়োজনে ১লা বৈশাখ (১৪১০ বঙ্গাব্দ) উদ্‌যাপন করা হয়। হ্যামিলটন শহরের আবরটাস পার্কের ছায়াসুনিবিড় আর পাখির গুঞ্জনে মুখরিত স্থানে বটবৃক্ষের নীচে উদযাপিত হয় ১লা বৈশাখ। গীত নক্সার মধ্য দিয়ে সাজানো হয় সম্পূর্ন অনুষ্ঠাটিকে। জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠান আরম্ভ হয়। এরপর যথাক্রমে ১লা বৈশাখের গান "এসো হে বৈশাখ" পল্লীগীতি, দেশাত্ববোধক গান, কবিতা আবৃত্তি ও নৃত্য পরিবেশিত হয়। অনুষ্ঠান শেষে সদস্য সদস্যাগন বটবৃক্ষের ছায়ায় বসে আনন্দের সাথে খিচুড়ী উপভোগ করেন। পাজামা- পাঞ্জাবী আর হলুদ শাড়ি পরিহিত সদস্য -সদস্যাদের কথোপকথনের মাধ্যমে পরিবেশটি অত্যন্ত জমজমাট হয়ে উঠে।

এরপর ২রা এপ্রিল রবিবার সংগঠনের সভাপতির বাসভবনে আড়ম্বরের সাথে পালিত হয় পূন্যময় পুনরুত্থান উৎসব। রাত ৮টা থেকে সদস্য-সদস্যাদের আগমনে সভাপতির বাসভবন ভরপুর হয়ে ওঠে। সবাই একত্রিত হলে অনুষ্ঠান আরম্ভ করা হয়। প্রথমে পরিবেশিত হয় পুনরুত্থান উৎসবের কিছু ধর্মীয় গান এরপর একক সংগীতের মাধ্যমে শিল্পীরা আপন আপন সুরে অনুষ্ঠান জমজমাট করে তোলে। অনুষ্ঠান চলাকালীন সময়ে খাবার পরিবেশিত হয়। এবার খাবারের আয়োজন ছিল সামান্য ব্যতিক্রম। প্রত্যেক সদস্য-সদস্যাদের ঘর থেকে ব্যক্তিগত পছন্দ অনুযায়ী সু-স্বাদু খাবার পরিবেশিত হয়। এজন্য খাবার পর্বটি আরো উপভোগ্য হয়। সবচেয়ে আনন্দের বিষয় এই যে, এ বছর পুনরুত্থান উৎসবের পূর্বে অর্থাৎ প্রায়শ্চিত্ত কালীন সময়ে সংগঠনের উদ্যোগে সকল সদস্য-সদস্যাদের সুবিধানুযায়ী ভিন্ন ভিন্ন গৃহে প্রতি রবিবার সকাল ১১ ঘটিকায় পবিত্র ক্রুশের পথ করা হয়। এতে অংশ গ্রহন করে আধ্যাত্মিকপ্রশান্তি লাভে সকলের মনই মিলন ও ভ্রাতৃত্বের অতৃপ্ত খুশীতে পূর্ন হয়েছিল। প্রবাসের কর্মব্যস্ততা কিংবা প্রাগতিক চিন্তাভাবনার কারনে আমরা অনেকেই হয়ত আধ্যাত্মিক সঞ্চয়ের প্রতি উদাসীন থাকি তাই সামান্য অবসরে সকলের সক্রিয়তায় এমন উদ্যোগ সত্যিই গুরুত্বপূর্ন।





*বাঙ্গালী সাংস্কৃতিক সংগঠন, বারমুদা-এর আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা*

# নর্থ ক্যারোলিনাতে

(প্রথম পাতার পর)

প্রসংশা অর্জন করেন।

গত ২৪ শে মে ২০০৩ তারিখ উক্ত এড-হক কমিটি নর্থ ক্যারেলিনায় বসবাসকারী বাংলাদেশী সকল খৃষ্টান পরিবারদের তিন সপ্তাহ পূর্ব লিখিত নোটিশের মাধ্যমে এক সাধারন ও নির্বাচনী সভা আহ্বান করেন।



উক্ত সভায় প্রথমে সংঘের নাম "ইছামতি বাংলাদেশী খৃষ্টান অর্গানাইজেশন অব নর্থ ক্যারেলিনা" সর্ব সম্মতিক্রমে পাশ হয়। পরে পাঁচ সদস্য বিশিষ্ট একটি পূর্ণাঙ্গ ও স্থায়ী কার্য্যকরী পরিষদ গঠনের উদ্দ্যেশে নির্বাচনী অনুষ্ঠান শুরু হয়। মিঃ বেঞ্জামিন অমল খান নির্বাচন পরিচালকের দায়ীত্ব ভার গ্রহন করেন এবং মিসেস কাকলী কুইয়া তাকে সহযোগীতা করেন। বলা বাহুল্য উক্ত নির্বাচনী সভা, সুষ্ট, সুন্দর ও শৃংখলার সাথে অনুষ্ঠিত হয়।

নির্বাচীত কার্য্যকরী পরিষদের সদস্যবৃন্দরা হচ্ছেন ঃ সভাপতি ঃ মিঃ ফ্রান্সিস তপন গমেজ (খান), সাধারন সম্পাদক ঃ মিঃ আগষ্টিন অজিত গমেজ (ঢালী), কোষাধক্ষ্য ঃ মিঃ কেনী কুইয়া, সাংস্কৃতিক সম্পাদক ঃ মিঃ রেজীনাল্ড গমেজ (রেজী), সাংগঠনিক ও যোগাযোগ সম্পাদক ঃ মিঃ সিলভেষ্টার দর্পন গমেজ

নির্বাচিত কার্য্যকরী পরিষদ তাদের প্রথম সভায় আরো দুজন মনোনীত সদস্যা নির্বাচীত করেন এবং তারা হচ্ছেন যথাক্রমে ঃ মিসেস মার্থা পুতুল গমেজ ও মিসেস মারিয়া শিউলী গমেজ

কমিটির ব্যক্তিবর্গ বা উক্ত সংগঠনের সাথে যোগাযোগের ঠিকানা -

ইছামতি বাংলাদেশী খ্রীষ্টান অর্গানাইজেশন অব নর্থ ক্যারোলিনা
1112 Open Field Drive
Gasner, NC 27529
Tel: 919-773-8346
Fax: 919-773-8346
Email: ichamoti@excite.com

# প্রবাসী'র তালপত্র মিসা

(প্রথম পাতার পর)

পর তালপত্র হাতে নিয়ে প্রার্থনা করতে করতে





সকলে চার্চে প্রবেশ করে আসন গ্রহন করেন। রেভাঃ ষ্ট্যানলী অত্যন্ত সুন্দরভাবে তালপত্র রবিবারের তাৎপর্য বিশ্লেষণ করেন ও মিসা প্রদান করেন। মিসা শেষে চার্চের হলে সকলে জলযোগে মিলিত হন ও শুভেচ্ছা বিনিময় করেন। পরিশেষে প্রবাসীর জেনারেল সেক্রেটারী যোসেফ ডি' কস্তা (বিকাশ) সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন ও সমাপ্তি ঘোষনা করেন। যাদের সহযোগিতায় এই অনুষ্ঠান সফল হয় তারা হলেন- পলাশ গমেজ, মনু রোজারিও, জন মালো, মেবার্ট ফার্নানডেজ, রোয়েন কুইয়া, শৈলেন্দ নাথ সরকার, রনি রোজারিও, জন মালো, রিচার্ড বিশ্বাস, অপু গনছালভেস, তাপস গমেজ, পল বিনয় গমেজ, অনিল গমেজ, অনিল রোজারিও, পলিকার্প গমেজ, চেষ্টার গমেজ, এম্ব্রোস গমেজ, শিলা রোজারিও, প্রভা গনছালভেস, শিপ্রা ডি' কস্তা, সেবাষ্টিন রোজারিও, জাসটিন রোজারিও, প্যাট্রিক রোজারিও, নরবার্ট মেন্ডেজ, প্রদীপ দাস, মার্ক মধু, ব্যাঞ্জামিন রোজারিও, লুসি গমেজ ময়না, রেমন্ড গমেজ, নমিতা কস্তা, লিটন গ্রেগরী, দিপ্তী গমেজ, দিলীপ গমেজ, জেসমিন রড্রিক্স, ডেরিক গনছালভেস ও তার্সিসিয়াস পার্থ রোজারিও।

# ক্যালিফোর্নিয়ায় বিজয় দিবস - ২০০৩ উদযাপন

(প্রথম পাতার পর)


সূত্রপাত ঘটে। এরপরে অনুষ্ঠানের পরিচালক ও অগ্নিবীণার প্রেসিডেন্ট চিন্ময় রায় চৌধুরী স্বাধীনতা দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এর পরপরই আহ্ববানগীতি কবিতাটি নাটকীয় ভাবে আবৃত্তি করে জনগণকে মুগ্ধ করেন ডঃ ফ্রান্সিস রায়। তার পরে সমবেত সঙ্গীত পরিবেশন করা হয়।

প্রবাসে দ্বিতীয় প্রজন্মের সঙ্গীতানুষ্ঠান ছিল একটি চমকপ্রদ পর্ব । এতে অংশ নেয় সাবরিনা, লীনা, এসা, সমাদৃতা, প্রিয়াংকা, স্টেলা, মানসী ও অর্চি। তারপরে ছিল নতুনকুড়িদের নৃত্যানুষ্ঠান এ-পর্বের শিল্পীদের নাম চেলসি, মেলিসা, প্রিয়াংকা, বিদেশিনী, জেসি, মঞ্জুরী, রাজেশ্বরী, নিজাম ও ইয়েন এবং বড়দের নৃত্যে অংশগ্রহণ করে স্টেলা, সমাদৃতা, লিজা ও অঞ্জলী।


কমেডি নাটক "প্রতিভা" ছিল একটি অনন্য স্বার্থকতা। নাটিকায় অংশগ্রহণ করেন রিচার্ড, কাজল, জেনেট, বিনা, জ্যোৎস্না ও লিজা। নাটিকাটি রচনা ও পরিচালনা করেন চিন্ময় রায় চৌধুরী।

"শুধু গান আর গান" - এ পর্বে সঙ্গীত পরিবেশন করেন অঞ্জলী রায় চৌধুরী ও আবুল কালাম আজাদ। তবলা সঙ্গত করেন তুলশী রঞ্জন সাহা এবং গীটারে ছিলেন শামছুর রহমান। অনুষ্ঠানটি শেষ হয় বাংলা নতুন বছরকে স্বাগতম জানিয়ে "এসো হে বৈশাখ" গানের মাধ্যমে।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন রওশন চৌধুরী। তিনঘন্টা ব্যাপী এ অনুষ্ঠানটি সার্বিক অর্থে চূড়ান্ত সাফল্যের একটি পরিপূর্ণ নিদর্শন। বীনামূল্যে খাদ্য খেয়ে ও অনুষ্ঠান উপভোগ করে প্রায় তিন থেকে সাড়ে তিন শত দর্শক শ্রোতা। পেট ও প্রাণ উভয় পরিপূর্ণ করে সানন্দে ঘরে ফিরে যায় সকলে।








*ক্যালিফোর্নিয়ায় আয়োজিত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিল্পীরা*

# মন্ট্রিয়লে নতুন কার্যকরী পরিষদের দায়িত্ব গ্রহণ

(প্রথম পাতার পর)

সভার প্রারম্ভে প্রাক্তন প্রেসিডেন্ট স্বর্গীয় যেরম গমেজের স্মৃতিচারণ করে এক মিনিট নিরবতা পালন করা হয়। ফাদার লেকাভেলিয়ের সভায় সভাপতিত্ব করেন। সভার সাধারণ সম্পাদক মিঃ উইলিয়াম গমেজ তার বার্ষিক রিপোর্ট পেশ করেন এবং কোষাধ্যক্ষ মিঃ এড্রু গমেজ তার বার্ষিক আর্থিক বিবরণ পেশ করেন। তাদের রিপোর্ট হাউজ-এ পাশ হবার পর এক্টিং প্রেসিডেন্ট প্রাক্তন কমিটি বিলুপ্ত ঘোষণা করেন এবং হাউজকে নতুন কমিটি গঠনের আমন্ত্রণ জানান। দীর্ঘ ৩ ঘন্টার আলাপ-আলোচনা শেষে এই নতুন কমিটি গঠিত হয়। নিম্নে নতুন কমিটির তালিকা দেয়া হলঃ সভাপতি ঃ মিঃ সুনিল গমেজ, সহ-সভাপতি ঃ মিঃ যোসেফ রড্রিক্স, সাধারণ সম্পাদক ঃ মিঃ পিটার অনিল সাহা, সহকারী সাধারণ সম্পাদক ঃ মিঃ জন এন্থনী গমেজ, কোষাধ্যক্ষ ঃ মিঃ অগাষ্টিন বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক ঃ রেভা. লরেন্ট লেকাভেলিয়ের, সমাজকল্যান ও মহিলা বিষয়ক সম্পাদক ঃ স্থগিত, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক সম্পাদক ঃ মিসেস সিসিলিয়া রোজারিও, গণসংযোগ সম্পাদক ঃ মিঃ ফিলিপ গমেজ, সদস্য ঃ মিঃ দিলিপ ডি' কস্তা এবং মিঃ অনু লিউক মধু। সভার সভাপতি ফাদার লেকাভেলিয়ের নতুন কমিটিকে স্বাগত জানান এবং প্রেসিডেন্ট মিঃ সুনিল গমেজকে হাউজ-এর উদ্দেশ্যে বক্তব্য রাখার আহ্বান জানান। তিনি সবাইকে ধন্যবাদ জানিয়ে তার আগামী পরিকল্পনার কিছু চিত্র তুলে ধরেন। তিনি সুন্দর পরিচালনার জন্য প্রাক্তন কমিটিকে ধন্যবাদ জানান এবং বিদায়ী কমিটির সাহায্য কামনা করেন।

সর্বশেষে সভার সভাপতি ফাদার লেকাভেলিয়ের সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## লেখা আহ্বান

বড়দিন সংখ্যা "তেপান্তরী" তে ছাপানোর জন্য আপনার লেখা গল্প, কবিতা, রম্য রচনা, ছড়া, উপন্যাস যথাশীঘ্র সম্ভব আমাদের নিম্নোক্ত ঠিকানায় ২০ নভেম্বরের মধ্যে পাঠিয়ে দিন।

**PBCA**
**P.O. Box 1258, NewYork NY 10159**
*E-mail: Probashi051601@aol.com*

# ক্যাথলিক এসোসিয়েশন অব অন্টারিও'র বার্ষিক বনভোজন

(প্রথম পাতার পর)

স্থান পরিদর্শন ও বার্ষিক বনভোজনের আয়োজন করা হয়।





*ক্যাথলিক এসোসিয়েশন অব অন্টারিও'র বার্ষিক বনভোজনের দৃশ্য*

উল্লেখ্য যে, উক্ত স্থানটি মিডল্যান্ড শহরের "মারটারস্ শ্রাইন" নামে পরিচিত। প্রভূযীশু খ্রীষ্টের অমর বানী প্রচার করতে গিয়ে ৮ জন যেযুইট পুরোহিত রেড ইন্ডিয়ানদের হাতে নির্মমভাবে নির্যাতিত হয়ে শহীদ হন। এদের মধ্যে এক শহীদ পুরোহিত "গাব্রীয়েল লেইলমেন্ট" এক বানীতে বলে গেছেনঃ "আমার সকল শক্তির মূল উৎস হলেন প্রভূ যীশু খ্রীষ্ট। তার মধ্য দিয়ে আমার জীবনে সবকিছু করা সম্ভব।"

বনভোজনে বিপুল সংখ্যক সদস্য-সদস্যা স্বতঃস্ফূর্তভাবে অংশ গ্রহন করেন। এই উদ্দেশ্যে টরেন্টোর বিভিন্ন এলাকা থেকে দুটি বাসে যাতায়াতের সুবন্দোবস্ত করা হয়। এছাড়াও নিজস্ব গাড়ী করেও অনেকেই ছেলেমেয়ে, আত্মীয়-স্বজনদের নিয়ে বনভোজনে অংশগ্রহন করেন।

যথাসময়ে গন্তব্য স্থানে পৌছেই পূর্বপ্রস্তুতি অনুযায়ী সামান্য জল-খাবার সেরে সকলে সম্মিলিতভাবে ১২টার মিসায় যোগদান করেন।

এরমধ্যে দুপুরের আহারের বন্দোবস্ত পুরোদমে চলতে থাকে। খাদ্য কমিটি গ্যাসের উনুনে সুস্বাদু খাদ্য সামগ্রী অনেক যত্ন সহকারে প্রস্তুত করতে থাকেন। নানা উপাদেয় খাদ্য যেমন চিকেন বার্বিকিউ, সোব্লাকী, হটডগ, হ্যামবার্গার ইত্যাদি। সে সমস্ত সুস্বাদু খাদ্য গ্রহন করে সকলে প্রশংসায় পঞ্চমুখ হয়ে ওঠেন।

বিকেল ৩টায় শুরু হয় আকর্ষনীয় পর্ব। এ পর্বটি নানা ক্রীড়া প্রতিযোগীতার মাধ্যমে সমৃদ্ধ করা হয়। বিপুল উদ্দীপনা ও উৎসাহের মাধ্যমে শিশু, কিশোর, যুবক-যুবতী, পুরুষ ও মহিলারা অংশ গ্রহন করেন। আনন্দ উল্লাসে সকলে মাতোয়ারা হয়ে ওঠে। যে সমস্ত প্রতিযোগীতা **(বাকী অংশ ১০ পাতায়)**






*ক্যাথলিক এসোসিয়েশন অব অন্টারিও'র বার্ষিক বনভোজনের দৃশ্য*

# নিউইয়র্কে বিশপ মাইকেল রোজারিওকে প্রাণঢালা সম্বর্ধণা

(প্রথম পাতার পর)

৫০তম স্বর্ণজুবিলী উদ্‌যাপন করেন। আজ থেকে ৫০ বছর পূর্বে উক্ত বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা শেষ করে উক্ত স্থানেই তিনি পুরোহিত্য পদে অভিষিক্ত





গমেজ।

মাননীয় বিশপের ৫০তম পূর্তি উৎসবে প্রবাসী খ্রীষ্টানগণ অনেক আনন্দ প্রকাশ করেন ও বিশপকে আন্তরিক অভিনন্দন জানান। প্রবাসী বাঙ্গালী খ্রীষ্টান





*নিউইয়র্কে বিশপ মাইকেল রোজারিও'র সম্বর্ধণা অনুষ্ঠানের কয়েকটি দৃশ্য*

হয়েছিলেন। জুবিলী শেষে, তিনি আমেরিকায় বসবাসরত বাংলাদেশী খ্রীষ্টানদের সাথে সাক্ষাত ও কুশলাদি বিনিময়ের উদ্দেশ্যে ওয়াশিংটন, মেরীল্যান্ড, নিউজার্সি ও নিউইয়র্ক সফর করেন এবং প্রতি স্থানে প্রবাসী খ্রীষ্টানদের উদ্দেশ্যে খ্রীষ্টযাগ অর্পণ করেন।

নিউইয়র্ক-নিউজার্সিতে মাননীয় বিশপের সঙ্গে সহার্পিত খ্রীষ্টযাগে ছিলেন মাননীয় ফাদার ষ্ট্যানলী

এসোসিয়েশনের পক্ষ থেকে বিশেষ মানপত্র পাঠ করেন মিঃ সুবীর এল রোজারিও। উক্ত মানপত্রটি মাননীয় বিশপের হাতে তুলে দেন প্রবাসী'র সভাপতি মিঃ সাইমন গমেজ। এছাড়াও উপহারাদি প্রদান করা হয়।

পরিশেষে, বিশেষ চা-চক্রের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

# প্রবাসী'র বার্ষিক বনভোজন ২০০৩

(প্রথম পাতার পর)

অংশগ্রহণকারী সকলের হৃদয়গ্রাহী। এখানে পাখিদের কলরব ছিল না বটে, কিন্তু ছোটছোট ছেলেমেয়েদের কলকাকলীতে সারাটা দিনই ছিল আনন্দমুখর।

পরাটা, ভাজি, বেগেল ইত্যাদির সমন্বয়ে সকালের নাস্তা পর্বের মাধ্যমে দিনটির সূচনা হয়। তারপর শুরু হয় নানা ধরণের খেলাধুলা। ভলিবল, ফুটবল, বাস্কেটবল, দৌড়, মিউজিক্যাল চেয়ার ইত্যাদিতে দিনটির অংশবিশেষ ক্রিড়া প্রতিযোগীতায় রূপ নেয়। এর পাশাপাশি পরিবেশন করা হয় হট্‌ডগ ও আম। এ সময়ে আমাদের মাঝে উপস্থিত হন ফাদার স্ট্যানলী গমেজ এবং বাংলাদেশ থেকে আগত ফাদার প্যাট্রিক গমেজ, ফাদার যাকব বিশ্বাস ও ফাদার জেমস ক্রুজ সি এস সি। এর পরবর্তী পর্বে বিভিন্ন সুস্বাদু খাবারে মধ্যাহ্ন ছিল সকলের প্রিয়। মধ্যাহ্ন ভোজের পরে শুরু হয় র‍্যাফেল ড্র ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। কানেকটিকাট নিবাসী মিঃ শ্যামল রোজারিও-এর সৌজণ্যে এবং আকর্ষণীয় পুরস্কার বিতরণীর মাধ্যমে প্রথম র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হয়, এরপর পুরস্কার বিতরণ করা হয় বিভিন্ন ক্রীড়া প্রতিযোগীতায় অংশগ্রহণকারী বিজয়ী ও প্রতিদ্বন্দিতাকারীদের। যে সকল ছোট্ট মণি ও ছোট্ট বাবুরা কোন পদক পায়নি তাদেরকেও পদক প্রদানের মাধ্যমে উৎসাহিত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত বয়োজৈষ্ঠ সদস্য/সদস্যাগণদের সম্মানস্বরূপ পদক প্রদান করা হয়। এরপরই ছিল প্রবাসী আয়োজিত র‍্যাফেল ড্র ও পুরস্কার প্রদান। পরিশেষে চা পরিবেশন এবং সাধারণ সম্পাদক যোসেফ ডি' কস্তার ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে দিনটির সমাপ্তি হয়।

বনভোজনের সামগ্রিক সহযোগিতায় ছিলেন - অনিল গমেজ, মেবার্ট ফার্নানডেজ, জেরাল্ড গমেজ, ফিলিপ গমেজ, এলুসিয়াস গমেজ, জাস্টিন রোজারিও, যোয়াকিম গমেজ, ডরথী রোজারিও, শিলা রোজারিও, মনু রোজারিও, সেবাস্টিয়ান পংকজ রোজারিও, টমাস দুলু রয়, ক্লেমেন্ট রোজারিও, তাপস গমেজ, রিচার্ড বিশ্বাস, প্যাট্রিক রোজারিও, পলিকার্প গমেজ, প্রভা গনছালভেস, রাণী গমেজ, নমিতা কস্তা, শিপ্রা ডি' কস্তা, মার্ক মধু, যোসেফ প্রদীপ দাস, পলাশ গমেজ, জীবন গমেজ, সিজার গনছালভেস, রমেশ রড্রিক্স, পূর্ণিমা গমেজ, জেস্‌মিন রড্রিক্স, চেষ্টার গমেজ, অনিল রোজারিও, পল বালা, জেভিয়ার গমেজ, শৈলেন্দ্রনাথ সরকার, বেঞ্জামিন রোজারিও, দিপু গনছালভেস, অপু গনছালভেস, প্যাট্রিক গমেজ, লুসি গমেজ (ময়না), বার্ণাডেট গমেজ, দীপক রোজারিও, লিটন গ্রেগরী।



*বনভোজনে পুরস্কার প্রদানের দৃশ্য*



*বনভোজনে আয়োজন করা হয় শিশুদের দৌড় প্রতিযোগিতা*





*বনভোজনে খাবার প্রস্তুতে ব্যস্ত কয়েকজন*



*বনভোজনে আগতদের একাংশ*



*মহিলাদের জন্য আয়োজন করা হয় মিউজিক্যাল পিলো*

# ক্যাথলিক এসোসিয়েশন অব অন্টারিও'র বার্ষিক বনভোজন

(৭ পাতার পর)

গুলো অনুষ্ঠিত হয়, তার মধ্যে উলে-খযোগ্য হলো- ১০০ মিটার দৌড়, চামচ- মারবেল দৌড়, একপায়ে দৌড়, বালিশ ঘুরানো, ব্যাডমিন্টন ইত্যাদি। বনভোজনের উপস্থিত সদস্য-সদস্যা ও অতিথিবৃন্দের মাঝে র‌্যাফেল ড্র-র ব্যবস্থা করা হয়। ইতিমধ্যে অনেকেই এ অপূর্ব দর্শনীয় স্থান ঘুরে ঘুরে দেখতে থাকেন। এদের সামনে ঐতিহাসিক অনেক মর্মান্তিক ঘটনা জীবন্ত হয়ে ফোটে, যা তাদের হৃদয়কে ভারাক্রান্ত করে তোলে।

তারপর শুরু হয় পুরস্কার বিতরনী অনুষ্ঠান। প্রতিযোগীতার প্রথম, দ্বিতীয় ও তৃত্যিয় স্থান অধিকারী ও র‌্যাফেল ড্র বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরন করেন এসোসিয়েশনের প্রেসিডেন্ট মিঃ ডমিনিক রোজারিও ও বিশিষ্ট ইঞ্জিনিয়ার মিঃ পিটার পিন্টু গোমেজ। উক্ত অনুষ্ঠানে প্রেসিডেন্ট মিঃ ডমিনিক রোজারিও তার ভাষনে বলেন- আমাদের ডাকে আপনারা যে স্বতঃস্ফুর্ত ভাবে এগিয়ে এসেছেন সেজন্য আমরা আন্তরিক ভাবে কৃতজ্ঞ। তিনি ভবিষ্যতেও সকলের নিকট সার্বিক সাহায্য ও সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন।

ইঞ্জিনিয়ার মিঃ পিটার পিন্টু গোমেজ এত সুন্দর বনভোজনের আয়োজন করার জন্য এসোসিয়েশনের ভূয়সী প্রশংসা করেন। তিনি আবেগে আপ্লুত হয়ে বলেন- এসোসিয়েশনের সাথে জড়িত হয়েই আমি আমার হারানো কৃষ্টি সংস্কৃতি খুজে পেয়েছি। তিনি এসোসিয়েশনকে গতিশীল করার জন্য সর্বাত্মক সাহায্য সহযোগিতার আশ্বাস দিয়ে তার বক্তব্য শেষ করেন।

অবশেষে এসোসিয়েশনের জেনারেল সেক্রেটারী মিঃ আগষ্টিন প্রফুল্ল গমেজ বনভোজনের উপস্থিত সকল সদস্য-সদস্যা ও শুভানুধ্যায়ীকে ধন্যবাদ জানান এবং নিজ নিজ গৃহে নিরাপদে পৌছানের মন-বাসনা প্রকাশ করলে বনভোজনের সকল পরিসমাপ্তি ঘটে।

# প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন ২০০৩

(প্রথম পাতার পর)

আদর্শকে সামনে রেখে প্রবাসী সংগঠন এই সম্মেলনের আয়োজন করে। এই সম্মেলনের উদ্দেশ্য বাস্তবায়নের ধারাবাহিকতায় সমাজে স্থাপিত হউক শান্তির ললিত বানী, শান্তির সুখরসধারা, মানবাধিকারের মোহন সুধা, পরমসহিষ্ণুতার চিরায়ত চৈতন্য - তবেই তো অর্জিত হবে সুখ, প্রগতি ও ঐক্য।

**সম্মেলনের প্রথম দিন, ২৩শে আগষ্ট (শনিবার) ঃ** ভোরের আলো ফুটতে না ফুটতেই চতুর্দিকে রব উঠেছে 'চলো চলো সম্মেলনে চলো'। ঘড়ির কাটায় তখন সকাল ১১টা বাজে প্রায়। সবাইকে সাদর সম্ভাষণ জানিয়ে অনুষ্ঠান সূচনা করেন আইরিন রোজানভ (মনি)। এরপর পবিত্র বাইবেল পাঠ করেন চিত্রা রোজারিও। তারপর পরিবেশিত হয় জাতীয় সঙ্গীত। এরপর মঞ্চে এসে সম্মেলনের আহ্বায়ক ক্লেমেন্ট রোজারিও স্বাগত বক্তব্য রাখেন। তিনি তার বক্তব্যে সমাজে শক্তিশালী ঐক্য, শান্তি ও অগ্রগতির প্রতি গুরুত্ব আরোপ করেন। তিনি এই সমাজের নেতৃত্ব গ্রহনে ভবিষ্যত প্রজন্মের প্রতি উদাত্ত আহ্বান জানান। বক্তব্য শেষে একঝাঁক উজ্জ্বল কিশোরী আরতী নৃত্য পরিবেশন করে। ওদের নূপুরের আওয়াজ থেমে যেতে না যেতেই কাকলী কুঁইয়া আবৃত্তি করেন কবি শামসুর রহমান রচিত 'সুপ্রভাত বাংলাদেশ'। এরপর পরিবেশিত হয় বিখ্যাত মিউজিশিয়ান ইয়ানী'র যন্ত্রসঙ্গীতের তালে তালে এক অনুপম নৃত্য।

অতঃপর শুরু হয় পরিচয় পর্ব 'আনন্দ মিলন'। উল্লেখ্য, প্রথম দিনের এই উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন প্রবাসী সংগঠনের উপদেষ্টা শ্রদ্ধেয় ফাদার ষ্ট্যানলী গমেজ। প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কনসাল জেনারেল জনাব রফিক আহমেদ খান। এরপর মঞ্চে আসেন লিও রড্রিক্স - প্রেসিডেন্ট বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশন, মেরীল্যান্ড, রেজিনাল্ড গমেজ (প্রদীপ), কেনী কুঁইয়া - ইছামতী বাংলাদেশী ক্রিশ্চিয়ান অর্গানাইজেশন অব নর্থ ক্যারোলিনা। এরপর মঞ্চে আসেন সুদূঢ় টরোন্টো থেকে আগত বাংলাদেশ ক্যাথোলিক এসোসিয়েশন অব অন্টারিও, কানাডা-এর প্রতিনিধিবৃন্দ। এরপর মঞ্চে আসেন নরবার্ট মেন্ডেজ ও পল বালা-সোর্স এন্ড সল্যুউশন্স ইন্ক। এরপর মঞ্চে আসেন - ক্লেমেন্ট রোজারিও (বাদল)-সম্মেলনের আহ্বায়ক, সাইরাস রোজারিও (মনু), শৈলেন্দ্রনাথ সরকার, টমাস দুলু রয় ও ডেনিস রোজারিও - সহকারী আহ্বায়ক, এরপর আইরিন মঞ্চে আমন্ত্রণ জানান প্রবাসী বাঙ্গালী খ্রীষ্টান এসোসিয়েশনের কার্যকরী পরিষদের সদস্যবৃন্দদের-সাইমন গমেজ - সভাপতি, প্রভা গনছালভেস - সহ সভাপতি, যোসেফ ডি' কস্তা (বিকাশ) - সাধারণ সম্পাদক, উইলিয়াম গমেজ (পলাশ) - সহ-সাধারণ সম্পাদক, প্যাট্রিক রোজারিও (রঞ্জন) - কোষাধ্যক্ষ, লিটন গ্রেগরী ও এনিলিতা নমিতা কস্তা - যুগ্ম সাংস্কৃতিক সম্পাদক, বার্নাডেট গমেজ (তিলু) - সাংগঠনিক সম্পাদক, রনি গমেজ - যুব ও ক্রীড়া সম্পাদক, সেবাষ্টিয়ান রোজারিও (পংকজ) ও রিচার্ড বিশ্বাস (সঞ্জু) - কার্যকরী সদস্য। এরপর মঞ্চে আসন গ্রহণ করেন সম্মেলনের তিনজন প্রধান বক্তা - ডাঃ বনিফাস কস্তা (ভার্জিনিয়া), অধ্যাপক এস কে দাস সেন্ট এন্ড্রুজ ইউনিভার্সিটি, মিশিগান) ও নিও জি মেন্ডেজ - চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এনাম অমনি কোম্পানীজ। এরপর মঞ্চে আসন গ্রহণ করেন সম্মেলনের প্রধান অতিথি কনসাল জেনারেল রফিক আহমেদ খান। এই সময়ে ছোট্টমনিরা উপস্থিত মঞ্চে উপবিষ্ট বক্তা ও প্রধান অতিথিকে মাল্য দান করে। কী নোট স্পীকার অধ্যাপক এস. কে. দাস বলেন, 'প্রবাসে বাঙ্গালী খ্রীষ্টানদের ঐক্যবদ্ধতার জন্য আমরা সবাই আজ এখানে সমবেত হয়েছি।' তিনি কৃষ্টি ও ঐক্যের মধ্যে সেতুবন্ধনের জন্য যোগাযোগের উপর গুরুত্ব আরোপ করেন। ডাঃ বনিফাস কস্তা ভবিষ্যত প্রজন্মের শিক্ষার প্রতি গুরুত্ব আরোপ করেন। এ বিষয়ে পিতামাতাদের আরও দায়িত্ববান হবার আহ্বান জানান। নিও মেন্ডেজ বলেন, একমাত্র ঐক্যের মাধ্যমেই আমরা কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছতে পারি। তিনি প্রবাসী খ্রীষ্টান সম্প্রদায়কে স্বদেশে বিনিয়োগ করার আহ্বান জানান। তিনি এ প্রসঙ্গে একটি দৃষ্টান্ত তুলে ধরে বলেন, চায়না ও ভারতের প্রবাসীরা তাদের নিজ দেশে অর্থ বিনিয়োগের মাধ্যমে দেশের অর্থনীতির চাকাকে সচল করেছে। প্রধান অতিথি কনসাল জেনারেল তার বক্তব্যে আশাব্যক্ত করেন যে, 'এই সম্মেলন প্রবাসী খ্রীষ্টানদের মধ্যে ঐক্য ও সংহতি বৃদ্ধি করবে, আমাদের নতুন প্রজন্মের মধ্যে যে প্রতিভা লুকিয়ে আছে তার বিকাশে প্রবাসী সংগঠন নিরলসভাবে কাজ করে যাচ্ছে।' তিনি সংগঠনের সমূদয় কর্মকান্ডের ভূয়সী প্রশংসা ও এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করেন।

বাংলাদেশ আমেরিকান নতুন প্রজন্মের কলকাকলী আর উৎসবমুখর পরিবেশে আয়োজিত অনুষ্ঠানটি বেশ ক'টি পর্বে বিভক্ত ছিল। যেমনঃ নাচ, দলীয় নাচ, গান, কবিতা আবৃত্তি, গল্পবলা, বিতর্ক, ছবি আঁকা, ইত্যাদি। এই প্রতিটি বিষয়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে পুরস্কৃত করা হয়। মঞ্চ ছাড়াও বিভিন্ন ক্লাসরুমে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা ছোট্ট মনি, তরুন-তরুণী ও কিশোর-কিশোরীদের মধ্যে দারুণ উত্তেজনা ও আনন্দের ধারা প্রবাহিত করে।

বিকেল প্রায় সাড়ে পাঁচটায় আনন্দমুখর আমেজে এই প্রতিযোগিতা পর্ব শেষ হয়। এরপর চলে চা-চক্রের বিরতী। এ সময়ে উপস্থিত সকলে নীচের ক্যাফেটেরিয়াতে নানা রকম স্টলে কেনাকাটা, গল্পগুজব ও আনন্দ কলরবে মেতে উঠে। সন্ধ্যা ৭ঃ০০ টায় শুরু হয় ওয়াশিংটন থেকে আগত বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশন (ওয়াশিংটন, মেরীল্যান্ড, ভার্জিনিয়া)-এর সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে শুরুতেই সভাপতি লিও রড্রিকস, বিশেষ বক্তব্য প্রদান করেন। এরপর, উক্ত সংগঠনের অন্যতম নেতা হিউবার্ট অরুণ রোজারিও সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি প্রস্তাব রাখেন, পরবর্তী সম্মেলন যেন মেরীল্যান্ডে অনুষ্ঠিত হয়। এরপর, মঞ্চে একটি মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান উপহার দেন বাংলাদেশের এক সময়ের জাতীয় নৃত্যশিল্পী রোজমেরী মিতু গনছালভেস ও তার সাথীরা। ছোট্ট মণিদের মনমাতানো নৃত্যকৌশল ও নুপুরের ধ্বণি উপস্থিত সবাইকে বিমোহিত করে।

এরপর ছিল নৈশভোজের বিরতী। নৈশভোজের পর নর্থ ক্যারোলিনা থেকে আগত 'ইছামতী' সংগঠনের বন্ধুরা বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠানসহ কবি জসীমুদ্দিনের 'কবর' নাটিকাটি মঞ্চস্থ করেন। নাটিকাটির অভিনয় দেখে দর্শককুল অভিভূত হয়েছেন। সমাধি পাশে দাড়িয়ে বৃদ্ধ দাদু তার নাতির কাছে 'ডালিম গাছের তলায়' দীর্ঘদিনের সযত্নে লালিত দাদীর কবর, ত্রিশ বছর আগে দাদীর মৃত্যুর কথা, তাদের বাল্যবিবাহ ইত্যাদি ধীরে ধীরে বর্ণনা করছে-আর একই সঙ্গে রূপালী পর্দায় ভেসে উঠছে দাদুর বর্ণনার চিত্র। অপূর্ব ছিল প্রতিটি অভিনেতা-অভিনেত্রীর অভিনয় ও কলাকৌশল।

**সম্মেলনের দ্বিতীয় দিন, ২৪ শে আগষ্ট ২০০৩ (রবিবার) ঃ** সম্মেলনের দ্বিতীয় দিনের প্রথম ভাগে রেভাঃ ফাদার ষ্ট্যানলী গমেজ- আত্মিক বিষয়ে বিশেষ আলোচনা করেন। দ্বিতীয় দিনের মধ্যাহ্ন ভোজের পর কর্মসূচী শুরু (বাকী অংশ ১০ পাতায়)

# সম্মেলন ২০০৩

(৯ পাতার পর)

করা হয়। সম্মেলনের দ্বিতীয় দিনে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতিসংঘে নিযুক্ত স্থায়ী প্রতিনিধি ডঃ ইফতেখার চৌধুরী। ডঃ ইফতেখার তার বক্তব্যের পর বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরন করেন। নিম্নে প্রতিযোগীতার ফলাফল তুলে ধরা হলো ঃ

সাধারণ নাচে প্রথম রেবেকা গমেজ, দ্বিতীয় শেরন রোজারিও, তৃতীয় এলেন পালমা, সাধারণ নাচ (জুনিয়র) - প্রথম জেভিয়ার দীপ গমেজ, দ্বিতীয় ক্রীস্টিন রোজারিও, তৃতীয় প্রিয়াঙ্কা গমেজ, ক্লাসিক্যাল নাচ (ইন্টারমিডিয়েট) - প্রথম জেভিয়ার দীপ গমেজ, দ্বিতীয় স্তেফানী রোজারিও, তৃতীয় ক্রিস্টিন রোজারিও, ক্লাসিক্যাল নাচ (সিনিয়র) - প্রথম ক্লডিয়া লোপা গমেজ, দ্বিতীয় ফিলিপ দিব্য গমেজ, তৃতীয় জেনী রড্রিক্স, সাধারণ নাচ (সিনিয়র) - প্রথম ফিলিপ দিব্য গমেজ, দ্বিতীয় ক্লডিয়া লোপা গমেজ, তৃতীয় জেনী রড্রিক্স, দলীয় নৃত্য - প্রথম ক্রীস্টিনা দল, দ্বিতীয় এলজি ও সিলভিয়া, তৃতীয় মার্লিন হাওলাদার ও ষ্টেলা প্রিয়া গমেজ, যন্ত্র সঙ্গীত (জুনিয়র) - প্রথম এনজিলিকা রেগো, দ্বিতীয় প্রাপতি ফলিয়া, তৃতীয় ষ্টেলা প্রিয়া গমেজ, রবীন্দ্র সঙ্গীত (জুনিয়র) - প্রথম এনজিলিকা রেগো, দ্বিতীয় ক্যাথরিন গমেজ, তৃতীয় আলিজিয় রেগো, নজরুল সঙ্গীত (জুনিয়র) - প্রথম জেভিয়ার দীপ গমেজ, দ্বিতীয় ফিলিপ দিব্য গমেজ, তৃতীয় এনজেলিকা রেগো, পল্লীগীতি - একমাত্র স্থান লাভ করেন জেভিয়ার দীপ গমেজ, আধুনিক গান (জুনিয়ার) - প্রথম নীলয় টমাস গমেজ, দ্বিতীয় এনজেলিকা রেগো, তৃতীয় এলিসিয়া রেগো, রবীন্দ্রসঙ্গীত (সিনিয়র) - প্রথম জেসিকা রেগো, দ্বিতীয় - মণিকা কস্তা, তৃতীয় ফিলিপ দিব্য গমেজ ও জুলিয়া রত্না, নজরুল সঙ্গীত (সিনিয়র) - প্রথম জেসিকা রেগো, দ্বিতীয় ফিলিপ দিব্য গমেজ, পল্লীগীতি (সিনিয়র) - প্রথম ফিলিপ দিব্য গমেজ, আধুনিক গান (সিনিয়র) - প্রথম যোয়াকিম গমেজ (জয়), দ্বিতীয় জিনা গমেজ, তৃতীয় রোজ শিকদার ও মারিয়া কস্তা, অংকন (ইন্টারমিডিয়েট) - প্রথম নারিসা মেন্ডেজ, দ্বিতীয় জন রোমিও গমেজ, তৃতীয় মার্গেট গমেজ (সুমি), বিতর্ক - প্রথম জন রোমিও, দ্বিতীয় রীটা মালো, তৃতীয় এথিনা পাটোয়ারী, কৌতুক - প্রথম এথিনা পাটোয়ারী, দ্বিতীয় জন গমেজ, তৃতীয় অভিলাষ পিউরিফিকেশন, উপস্থিত বক্তৃতা - প্রথম জোনাথান দুরন্ত কুঁইয়া, দ্বিতীয় জোনাথান গমেজ, তৃতীয় গ্লোরিয়া গমেজ, কবিতা আবৃত্তি - প্রথম ভিক্টোরিয়া গমেজ, দ্বিতীয় ষ্টেলা প্রিয়া গমেজ, তৃতীয় মারলিন হাওলাদার ও রুথ শিকদার, গল্প বলা - প্রথম মিশেল মেনডেস, দ্বিতীয় জিনা গমেজ, তৃতীয় এলিজা গমেজ, রচনা (জুনিয়র) - বিজয়ী - এন্ড্রু এ. রোজারিও, রচনা (সিনিয়র) - বিজয়ী - জন রোমিও গমেজ।

উল্লেখ্য, যে সকল শিশুরা অংশ্রহণ করেনি তাদেরকেও মঞ্চে ডেকে বিশেষ মেডেল দেয়া হয়। এতে ওদের আনন্দ দেখে কে? এরপর সুরের মূর্ছনায় উপস্থিত সকলকে আচ্ছন্ন করেন প্রবীর দেসা।

বেঞ্জামিন পিউরিফিকেশন (প্রশান্ত) পরিচালনা করেন এক বিশেষ অনুষ্ঠান- 'জানা-অজানা বিষয়ে প্রশ্নোত্তর'। এই অনুষ্ঠানে দু'টি দল (মহিলা ও পুরুষ) অংশগ্রহন করে। রসিক পরিচালক তার অঙ্গভঙ্গি, উপস্থাপনার কায়দা কৌশলে দর্শকদের মুগ্ধ করেছেন। তিনি বাংলাদেশ ও আমেরিকা ভিত্তিক নানা প্রশ্ন ছুঁড়ে দেন দু'দলকে। প্রশ্নগুলো ছিল খুব সহজ সরল। কিন্ত দেখা যায়, কখনো কখনো আমরা সাধারণ বিষয়গুলোও ভুলে যাই। এই জানা-অজানা প্রশ্নের উত্তরে মহিলা দল জয় লাভ করে ৯০ নম্বর পেয়ে। এই সময়ে উপস্থিত দর্শক একবাক্যে বলে উঠে, 'তাহলে মহিলাদের উপর পুরুষের কর্তৃত্ব করার অধিকার আর রইল কোথায়'? তবে উভয় দলকেই পুরস্কার প্রদান করা হয়।

এরপর মঞ্চে শুরু হয় বহু আকাঙ্খিত প্রবাসী'র সাংস্কৃতিক দলের অনুষ্ঠান, এর শুরুতেই সংগঠনের সাধারণ সম্পাদক যোসেফ ডি' কস্তা (বিকাশ) সবাইকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, 'একদিন আমরা আপন আপন ভাগ্য গড়ার দৃঢ় প্রত্যয় নিয়ে স্বদেশ ভূমি পরিত্যাগ করে ভাসিয়ে ছিলাম ভেলা এই অফুরন্ত সম্ভাবনাময় দেশের উদ্দেশ্যে। আজ আমরা সেই লক্ষ্যে উপনীত। এবার ভবিষ্যত প্রজন্মকে গড়তে হবে। ওদের গড়তে হবে বঙ্গীয় সংস্কৃতির ছত্রছায়ায় যেন, কোন অপসংস্কৃতি ওদের স্পর্শ ও ধ্বংস করতে না পারে। এ সমাজ আমরা রেখে যাচ্ছি ওদের জন্য। ওদের মধ্য দিয়েই আমরা বেঁচে থাকবো - বেঁচে থাকবে বাঙালী জাতি ও তার স্বত্তা। তাই আমাদের সকলের মধ্যে সুন্দর যোগাযোগ ও সুসম্পর্ক বজায় রাখতে হবে। তাই চাই ঐক্য। ঐক্যে প্রগতি। প্রগতি বয়ে আনুক সমাজে সমাজে সহযোগিতা, সুখ ও স্বাচ্ছন্দ।

এরপর শুরু হয় নতুন প্রজন্ম কর্তৃক মনোজ্ঞ বিচিত্রানুষ্ঠান যা ছিল মূলতঃ শ্যামল বাংলার গ্রামভিত্তিক গীতি-নাট্য। সেই বেঁদে, বেঁদে নৌকা, মাঝি-মাল্লা, সাঁপুড়ে, সাঁপুড়ের বাঁশি, নৃত্যের তালে তালে, সাঁপুড়ে বাজায় বাঁশি মনের আনন্দে। আরো কত কি। বউ-সাঁজো, মেহেদী- বাটো, পল্লী'র মেঠো পথে বউ সাঁজিয়ে পাল্কীতে সাঁঝের বেলায় নতুন বরকে নিয়ে ঘরে ফেরা- আহঃ কি অপূর্ব বাংলার ঐতিহ্য! হাজার বছরের লালিত এ ঐতিহ্য। এ অনুষ্ঠানটি চলাকালে বার বার মনে হয়েছে আমরা যেন এ মুহূর্তে বাংলাদেশের একটি প্রত্যন্ত অঞ্চলে অবস্থান করছি। যেখানে আধুনিক যান্ত্রিক বিশ্বের কোন ছোঁয়া নেই। অনুষ্ঠানটির সফল পরিকল্পনা ও পরিচালনায় ছিলেন রাণী গমেজ। সহযোগিতায় ছিলেন নমিতা কস্তা, দিপ্তী গমেজ ও মেবেল কুঁইয়া।

অতঃপর শুরু হয় দীর্ঘ প্রতীক্ষিত ও প্রত্যাশিত অনুষ্ঠান। বাংলাদেশের আধুনিক গানের অতি খ্যাতিমান ও জনপ্রিয় শিল্পী এন্ড্রু কিশোরের একক সঙ্গীত পরিবেশনা। সুপ্রিয় গায়ক মঞ্চে উঠলে দর্শককুল আনন্দের আতিশয্যে মেতে উঠে- মুহু-মুহু করতালীর মাধ্যমে তাদের প্রিয় শিল্পীকে অভিনন্দন জানায়। "আমার বাবার মুখে যেদিন প্রথম শুনেছিলাম গান" এই গানটি দিয়ে শিল্পী তার অনুষ্ঠান শুরু করেন। বেশ ক'টি গানের পর মঞ্চে আসেন প্রবাসে বসবাসকারী এক সময়ের সঙ্গীত অনুরাগীদের মধ্যে জনপ্রিয় শিল্পী অপূর্ব গাঙ্গুলী, নিপু গাঙ্গুলী, আর্নেষ্ট ডি. কস্তা ও অতিথিশিল্পী স্বপ্না কায়সার। এরপর এন্ড্রু কিশোর পুনরায় মঞ্চে উঠেন ও গান পরিবেশন করে দর্শকদের পাগল করে তোলেন। কিছু কিছু শ্রোতা তাদের প্রিয় গান গাওয়ার অনুরোধ করলে শিল্পী তাদের অনুরোধে সাড়া প্রদান করেন যা ছিল অত্যন্ত প্রশংসনীয়।

দু'দিনের সম্মেলনকে কেন্দ্র করে বসেছিল নানা ষ্টল। শাড়ি-চুড়ি বিক্রীর দোকান, মেটলাইফের ফ্রি-লটারী টিকেট বিতরণ, ক্রেডিট ইউনিয়ন ষ্টল, টি শার্ট বিক্রি, জে এন্ড ডি ক্যাফে - হট ডগ, হ্যামবার্গার, বিরিয়ানী। সুদূর মিশিগান থেকে আগত নিধুদাসের বাইবেলের বুক ষ্টল ছিল অন্যতম।

সম্মেলন উপলক্ষে 'তেপান্তরী'র বিশেষ সংখ্যার আত্নপ্রকাশ ঘটে। সম্পাদনা করেছেন প্রবাসী'র সাধারণ সম্পাদক যোসেফ ডি' কস্তা (বিকাশ)।

সম্মেলনের খরচ সাশ্রয়ে বিশেষ র‍্যাফেল ড্র-এর আয়োজন করা হয়। র‍্যাফেলে যারা উদার ভাবে পুরস্কার দিয়েছেন তারা হলেন - যোসেফ ডি' কস্তা, সেবাস্টিয়েন রোজারিও, ডাঃ টমাস দুলু রয়, প্যাট্রিক রোজারিও, হিউবার্ট সমর রোজারিও, উইলিয়াম রোজারিও পলাশ, শৈলেন্দ্র নাথ সরকার ও সাইমন গমেজ।

দ্বিতীয় দিনের অনুষ্ঠানটি পরিচালনা করে সবাইকে মুগ্ধ করেছেন অমিতাভ ডি' ক্রুজ ও গৌরী ডি' রোজারিও।

পরিশেষে রাত্রি প্রায় ১১টায় প্রবাসী বাঙ্গালী খ্রীষ্টান এসোসিয়েশনের সাধারন সম্পাদক যোসেফ ডি' কস্তা (বিকাশ) সকলকে ধন্যবাদ জানিয়ে দু'দিনের সম্মেলনের সমাপ্তি ঘোষণা করেন।

## বড়দিন পূণর্মিলনী অনুষ্ঠান - ২০০৩

বড়দিন পূণর্মিলনী অনুষ্ঠানের সাংস্কৃতিক সন্ধ্যায় অংশগ্রহনেচ্ছু প্রার্থীদের এখন থেকে পরিকল্পনা ও মহড়া দেয়ার অনুরোধ করা যাচ্ছে। ৩০ শে নভেম্বর, রবিবার সন্ধ্যায় প্রবাসী কর্তৃপক্ষের নির্ধারিত স্থানে, প্রবাসী সিলেকশান কমিটি, উপস্থিত অংশগ্রহনকারীদের মহড়া দেখে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে। ৩০শে নভেম্বরের পরে এবং অনুষ্ঠান চলাকালীন সময়ে কোন আবেদন/অনুরোধ গ্রহন করা হবে না। অংশগ্রহনকারীদের নাম তালিকাভূক্ত করার জন্য এবং মহড়ার স্থান ও সময়ের জন্য যোগাযোগ করুন-

**লিটন গ্রেগরী ৭১৮-৯৫৬-৪২৭৭**
**নমিতা কস্তা ৭১৮-২৬৭-৬০১৭**

## লেখা আহ্বান

বড়দিন সংখ্যা "তেপান্তরী" তে ছাপানোর জন্য আপনার লেখা গল্প, কবিতা, রম্য রচনা, ছড়া, উপন্যাস যথাশীঘ্র সম্ভব আমাদের নিম্নোক্ত ঠিকানায় ২০ নভেম্বরের মধ্যে পাঠিয়ে দিন।

**PBCA**
**P.O. Box 1258, NewYork NY 10159**
E-mail: Probashi051601@aol.com

# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩



সম্মেলনের অনুষ্ঠান সূচনায় উপস্থাপিকা আইরিন রোজারিও



পবিত্র বাইবেল পাঠ করছেন চিত্রা রোজারিও



সম্মেলনের আহ্বায়ক মিঃ ক্লেমেন্ট রোজারিও বক্তব্য রাখছেন



দর্শকদের সারিতে অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দ। মাঝে প্রধান অতিথি কনসাল জেনারেল এবং তার স্ত্রী, বায়ে মিঃ নিও মেন্ডেজ এবং ডানে মিলি দাস



জাতীয় সঙ্গীত-এর প্রতি শ্রদ্ধা প্রদর্শন



আরতী নৃত্য পরিবেশন করছে নিউইয়র্কের ক্ষুদে শিল্পীরা



ইয়ানীর যন্ত্রের তালে নৃত্য পরিবেশন করছে নিউইয়র্কের কিশোর-কিশোরীরা




কবিতা আবৃত্তি করছে নর্থ ক্যারোলিনা থেকে আগত শিল্পী কাকলী কুঁইয়া।



মঞ্চে উপবিষ্ট সম্মানিত অতিথিবৃন্দের একাংশ

# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩



বক্তব্যরত কী-নোট স্পীকার প্রফেসর এস কে দাস



বক্তব্য রাখছেন কী-নোট স্পীকার ডাঃ বনিফাস কস্তা



বক্তব্য রাখছেন কী-নোট স্পীকার নিও মেন্ডেজ



বক্তব্য রাখছেন প্রধান অতিথি কনসাল জেনারেল রফিক আহমেদ খান, এম্ব্যাসাডর



বক্তব্য রাখছেন ফাদার ষ্ট্যানলী গমেজ



বক্তব্য রাখছেন প্রবাসী'র সাধারণ সম্পাদক যোসেফ ডি' কস্তা (বিকাশ)



মধ্যাহ্ন ভোজে সস্ত্রীক কনসাল জেনারেল রফিক আহমেদ খান



মধ্যাহ্ন ভোজে অতিথিরা



মধ্যাহ্ন ভোজে অতিথিরা



মধ্যাহ্ন ভোজে অতিথিরা

# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩

নৃত্য প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের একাংশ















# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩

নৃত্য প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের একাংশ





ওয়াশিংটন, মেরীল্যান্ড ও ভার্জিনিয়া থেকে আগত শিল্পীদের অনুষ্ঠান







## সম্মেলনের ভিডিও

নিউইয়র্ক শহরে অনুষ্ঠিত ১ম বাঙ্গালী খৃষ্টান সম্মেলনকে ডিজিটাল প্রক্রিয়ায় নিপূণ শৈল্পিক ছোয়ায় ভিডিও বন্দী করেছেন প্রবাসীর দক্ষ ফটোগ্রাফারগন। এই ঐতিহাসিক 'আনন্দমিলন'-এর ১ কপি (২টা ভিডিও) আজই অর্ডার করুন। কালের প্রবাহে এই আনন্দ মিলনই হবে আমাদের আনন্দ স্মৃতি।

মূল্য - ১ কপি (২টা ভিডিও) ২৫.০০ (পঁচিশ ডলার) মাত্র।
চেক পাঠাতে হবে `PBCA' নামে।

<u>চেক পাঠানোর ঠিকানা ঃ</u>

**PBCA**
**P.O. Box-1258, New York, NY 10159**
**Phone (917) 767-4632, (646) 773-7790, (718) 805-4941, (212) 353-8821, (201) 420-1826**
*E-mail: Probashi051601@aol.com*




# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩



ছবি অংকন প্রতিযোগিতায় কর্মব্যস্ত বিচারকমন্ডলী



বিতর্ক প্রতিযোগিতার একটি দৃশ্য



নৃত্য প্রতিযোগীতার বিচারকমন্ডলী। পেছনে দর্শকবৃন্দ।



ছবি অংকন প্রতিযোগিতার একাংশ



দলীয় নৃত্যে অংশগ্রহণকারী শিশুশিল্পীরা



গল্প বলা প্রতিযোগিতার একটি দৃশ্য



বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশনের শিল্পীবৃন্দ



বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশনের শিল্পীবৃন্দ

# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩



ওয়াশিংটন থেকে আগত অনুষ্ঠানরত শিল্পীরা



নর্থ ক্যারোলিনা থেকে আগত অনুষ্ঠানরত শিল্পীরা



কবর নাটিকাটি মঞ্চস্থ করে নর্থ ক্যারোলিনার তরুণ শিল্পীরা



কবর নাটিকাটির একটি দৃশ্য



কবর নাটিকাটির একটি দৃশ্য



নর্থ ক্যারোলিনার শিল্পীরা সঙ্গীত পরিবেশন করছে



নর্থ ক্যারোলিনার শিল্পীরা সঙ্গীত পরিবেশন করছে


## সম্মেলনের ভিডিও

নিউইয়র্ক শহরে অনুষ্ঠিত ১ম বাঙ্গালী খৃষ্টান সম্মেলনকে ডিজিটাল প্রক্রিয়ায় নিপূণ শৈল্পিক ছোয়ায় ভিডিও বন্দী করেছেন প্রবাসীর দক্ষ ফটোগ্রাফারগন। এই ঐতিহাসিক 'আনন্দমিলন'-এর ১ কপি (২টা ভিডিও) আজই অর্ডার করুন। কালের প্রবাহে এই আনন্দ মিলনই হবে আমাদের আনন্দ স্মৃতি।

মূল্য - ১ কপি (২টা ভিডিও) ২৫.০০ (পঁচিশ ডলার) মাত্র।
চেক পাঠাতে হবে `PBCA' নামে।

চেক পাঠানোর ঠিকানা ঃ

**PBCA**
**P.O. Box-1258, New York, NY 10159**
**Phone (917) 767-4632, (646) 773-7790, (718) 805-4941, (212) 353-8821, (201) 420-1826**
*E-mail: Probashi051601@aol.com*

# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩




*দ্বিতীয় দিনের অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রধান অতিথি ডঃ ইফতেখার চৌধুরী*



*বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন ডঃ ইফতেখার চৌধুরী*

## সম্মেলনের দ্বিতীয় দিনে পুরস্কার পর্ব














# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩




সম্মেলনে দ্বিতীয় দিনে বিনোদনমূলক অনুষ্ঠানের উপস্থাপনা করছেন বেঞ্জামীন পিউরিফিকেশন। আমাদের বয়োজ্যেষ্ঠরা এতে অংশগ্রহণ করেন।

## প্রবাসীর শিল্পীদের পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান











# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩

## প্রবাসীর শিল্পীদের পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান









## লেখা আহ্বান

বড়দিন সংখ্যা "তেপান্তরী" তে ছাপানোর জন্য আপনার লেখা গল্প, কবিতা, রম্য রচনা, ছড়া, উপন্যাস যথাশীঘ্র সম্ভব আমাদের নিম্নোক্ত ঠিকানায় ২০ নভেম্বরের মধ্যে পাঠিয়ে দিন।

**PBCA**
**P.O. Box 1258, NewYork NY 10159**
*E-mail: Probashi051601@aol.com*



# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩



সঙ্গীতরত প্রবীর দেসা



শিল্পীদের সাথে প্রবাসী'র সাংস্কৃতিক অনুষ্ঠানের পরিচালিকা রানী গমেজ।



গান গাইছেন স্বপ্না কাওসার, তবলায় মন্টু কাওসার



গান গাইছেন মিঃ আর্নেষ্ট ডি' কস্তা ও তবলায় লরেন্স ডি' কস্তা



গান গাইছেন অপু গাঙ্গুলী, সাথে তবলায় মন্টু কাওসার



গান গাইছেন নিপু গাঙ্গুলী



সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করছেন দর্শকরা



দর্শকদের উদ্দেশ্যে শুভেচ্ছা জানাচ্ছেন এন্ড্রু কিশোর, সাথে প্রবাসীর সভাপতি সাইমন গমেজ (সর্ব বামে) ও ফাদার ষ্ট্যানলী (মাঝে)

# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩





অনুষ্ঠানের উপস্থাপনায় গৌরী পেশকার ও অমিতাভ ডি' ক্রুজ



অনুষ্ঠানে অংশগ্রহণকারী একঝাঁক তরুণ-তরুণীরা



অনুষ্ঠানে অংশগ্রহণকারী তরুণ-তরুণীরা কথাবার্তায় ব্যস্ত



ক্যালিফোর্নিয়া থেকে আগত অতিথিবৃন্দ



দায়িত্বসহকারে কাজ করে যাচ্ছেন রনি রোজারিও (সর্ববামে)।




প্রবাসীর কর্মকর্তাবৃন্দ বাঁ থেকে বিকাশ, রিচার্ড, প্যাট্রিক ও সিজার



সম্মেলন কর্মকর্তাবৃন্দ (বাঁ) থেকে মনু রোজারিও, জেসমিন রড্রিক্স, জেনেট রোজারিও



বিমোহিত দর্শকবৃন্দের একাংশ।

# ক্যামেরায় প্রথম বাঙ্গালী খ্রীষ্টান সম্মেলন - ২০০৩



সঙ্গীত পরিবেশনরত স্বনামধণ্য এন্ড্রু কিশোর



ক্যাফেটারিয়া প্রবাসী'র বন্ধুদের সাথে মিলিত হন এন্ড্রু কিশোর



এন্ড্রু কিশোরের সুরের মূর্ছনায় বিমোহিত দর্শকদের একাংশ




মঞ্চে দাড়িয়ে গান গাইছেন এন্ড্রু কিশোর ও তার দল।



এন্ড্রু কিশোরের গান শুনছেন দর্শকরা




সম্মেলনের শেষ পর্বে সবাইকে ধন্যবাদ জানাচ্ছেন প্রবাসী'র সাধারণ সম্পাদক যোসেফ ডি' কস্তা (বিকাশ)

# একটি বিশেষ আবেদন

সুধী,

আপনাদের উৎসাহ, সহযোগিতা ও প্রার্থনার জন্য প্রবাসী'র পক্ষ থেকে আপনাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। আমরা বিশ্বাস করি, 'তেপান্তরী' প্রকাশনার মাধ্যমে আমরা আমাদের খ্রীষ্টিয় সমাজের মাঝে এক নির্ভরযোগ্য ও সুদৃঢ় প্রসারী যোগাযোগের সেতুবন্ধন গড়ে তুলতে চেষ্টা করে যাচ্ছি। এই প্রচেষ্টাকে অব্যাহত রাখার জন্য আমরা আপনাদের সাহায্যপ্রার্থী। আসছে বড়দিন সংখ্যা 'তেপান্তরী'তে আপনি আপনার ব্যক্তিগত, পারিবারিক, ব্যাবসায়িক অথবা কোন সংগঠনের শুভেচ্ছা দিয়ে আমাদেরকে সাহায্য করতে পারেন। এই শুভেচ্ছা থেকে সংগৃহিত অর্থ দিয়ে, আমরা সারা বছরের (এপ্রিল, আগষ্ট ও ডিসেম্বর) 'তেপান্তরী'র যাবতীয় খরচ যেমন : খবর সংগ্রহ, প্রিন্টিং এবং ডাকমাশুলের ব্যবস্থা করে থাকি।

আশা করি, আপনার সিদ্ধান্ত আমাদেরকে উৎসাহ ও প্রেরনা যোগাবে। — ধন্যবাদ

সাইমন গমেজ, সভাপতি          যোসেফ ডি' কস্তা, সাধারন সম্পাদক

বিজ্ঞাপনদাতার নাম (Name of Advertiser) : ____________________

ঠিকানা (Address) : ____________________

সিটি (City): ____________________ ষ্টেট (State): ________ জিপ (Zip): __________

ফোন (Phone): ______________ ইমেইল (E-mail): ____________________

দয়া করে আপনার চেক PBCA এর অনুকুলে পাঠান। চিঠি পাবার ঠিকানাঃ PBCA, P.O. Box No 1258, New York, NY-10159-1258
(Please make check payable to PBCA and mail to: PBCA, P.O. Box No 1258, New York, NY-10159-1258)

## বিজ্ঞাপনের হার (Rate of Advertisement):

| | FULL PAGE | HALF PAGE | QUARTER PAGE | COVER PAGE |
|---|---|---|---|---|
| ব্যক্তিগত ও পারিবারিক (Individual & Family) | $200.00 | $100.00 | $75.00 | $700.00 |
| প্রাতিষ্ঠানিক ও বাণিজ্যিক (Organizations & Commercial) | $300.00 | $200.00 | $150.00 | $1000.00 |

বিজ্ঞাপনের সাইজ (AD Size): ____________________ ছবি সহ (Photo Attached): ❒ হাঁ (Yes) ❒ না (No)

বিজ্ঞাপনের বিষয়বস্তু নীচে লিখুন (PLS. WRITE AD CONTENT BELOW):

সাক্ষর (Signature): ____________________ তারিখ (Date): ____________________

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ (For more information, please call)
646-773-7790, 917-767-4632, 718-805-4941, 212-353-8821, 201-420-1826

# কীর্তন ২০০৩

বন্ধুরা,

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি প্রতি বছরের মত এবারও আমরা মহসাড়ম্বরে প্রস্তুতি নিচ্ছি খ্রীষ্টের আনন্দ বানী কির্তনের মাধ্যমে সবার ঘরে ঘরে পৌঁছে দেবার। এ আনন্দ-প্রবাহে আপনি ও আপনার পরিবার আমন্ত্রিত। — প্রবাসী বাঙ্গালী খ্রীষ্টান এসোসিয়েশন

**কির্তন মহড়া (প্রাকটিস) ঃ নভেম্বর ১৬ ও ২৩ (রবিবার) - বিকাল ৫:০০ - রাত্রি ৯:০০টা, স্থান: বিকাশ ডি' কস্তার বাসা, ফোন: (৭১৮) ৮০৫-৪৯৪১**

**ডিসেম্বর ৫ - শুক্রবার - ম্যানহাটান**
গাইড ঃ প্রভা গনছালভেস
শুরু হবে ঃ প্রভা/ডেরিক গনছালভেসের বাসা থেকে
সময় ঃ সন্ধ্যা ৬:০০ টা
ফোন ঃ ২১২-৩৫৩-৮৮২১

**ডিসেম্বার ৬ - শনিবার - রিচমন্ড হিল ও কুইন্স ভিলেজ**
গাইড ঃ যোসেফ ডি' কস্তা (বিকাশ)
শুরু হবে ঃ বিকাশের বাসা থেকে
সময় ঃ বিকেল ৪:৩০টা
ফোন ঃ ৭১৮-৮০৫-৪৯৪১

**ডিসেম্বর ৭ - রবিবার - লং আইল্যান্ড**
গাইড ঃ রুবেন রড্রিগাস
শুরু হবে ঃ পরে জানানো হবে
সময় ঃ বিকেল ৪:০০ টা
ফোন ঃ ৫১৬-৯৩৯-৬৬৮৬

**ডিসেম্বর ১২ - শুক্রবার - উড্‌সাইড ও সানিসাইড**
গাইড ঃ প্যাট্রিক রোজারিও
শুরু হবে ঃ প্যাট্রিক রোজারিও'র বাসা থেকে
সময় ঃ বিকেল ৬:০০ টা
ফোন ঃ ৭১৮-৫৩৩-০৫১০

**ডিসেম্বর ১৩ ও ১৪ - কানেকটিকাট**
**শনিবার -** মেনচেষ্টার **সময়ঃ বিকাল ৫:০০টা**
**রবিবার -** হার্টফোর্ড **সময়ঃ সকাল ১০:০০টা**

**ডিসেম্বর ১৯ - শুক্রবার - এষ্টোরিয়া ও এলমহার্ষ্ট**
গাইড ঃ লিটন গ্রেগরী ও শিলা রোজারিও
শুরু হবে ঃ লিটন ও শিলা রোজারিও'র বাসা থেকে
সময় ঃ সন্ধ্যা ৬:০০ টা
ফোন ঃ ৭১৮-৯৫৬-৪২৭৭

**ডিসেম্বর ২০ - শনিবার - বেয়ন ও জার্সি সিটি, নিউজার্সি**
গাইড ঃ রনি গমেজ ও যোসেফ দাস
শুরু হবে ঃ বেঞ্জামীন রোজারিও'র বাসা থেকে
সময় ঃ বিকেল ৩:৩০ টা
ফোন ঃ ২০১-৩৩৯-৬৯১৩, ৬৪৬-৭৭৩-৭৭৯০

**ডিসেম্বর ২১ - রবিবার - ফ্লাশিং, জ্যাকসন হাইট্‌স ও করোনা**
গাইড ঃ মনু রোজারিও ও দীপ্তি গমেজ
শুরু হবে ঃ জাস্টিন রোজারিও'র বাসা থেকে
ফোন ঃ ৭১৮-৩৫৩-৪২৭৩

## UPCOMING PROBASHI EVENTS

***BENGALI MASS IN MEMORY OF ARCH BISHOP T.A. GANGULY AND FOR ALL SOULS' DAY.***

**DATE:** SUNDAY, NOVEMBER 02, 2003
**PLACE:** ST. JOHN, THE BAPTIST'S CHURCH
3026 KENNEDY BLVD, JERSEY CITY, N.J. 07306
**TIME:** 4:00 PM

***KIRTAN*** December 5 - December 21 (All Fri. Sat & Sunday)

***CHRISTMAS REUNION 2003*** December 28 (Sunday)
Place: Queen Of Angel's Church, 45St. Skillman Ave., Sunnyside
Time: Mass - 4:30 pm, Program: 5:30 pm - 10:00 pm

## প্রবাসীর আসন্ন অনুষ্ঠানমালা

**আর্চ বিশপ টি.এ. গাঙ্গুলী স্মরণে ও সকল মৃত লোকের আত্মার স্মরণে বাংলা মিসা**

**তারিখঃ** নভেম্বর ০২, ২০০৩, রবিবার
**স্থানঃ** সেন্ট জন দ্যা ব্যাপটিষ্ট চার্চ, ৩০২৬ কেনেডি বুলোভার্ড, জার্সি সিটি, নিউজার্সি
**সময়ঃ** বিকেল ৪টা

**কির্তন** ডিসেম্বর ৫ - ডিসেম্বর ২১ (প্রতি শুক্র, শনি ও রবিবার)

**বড়দিন পূর্ণর্মিলনী - ২০০৩** ডিসেম্বর ২৮ (রবিবার)
**স্থানঃ** কুইন অব এঞ্জেল্‌স চার্চ, স্কিলম্যান এভিনিউ, ৪৫ ষ্ট্রীট, সানিসাইড
**সময়ঃ** মিসা - বিকাল ৪:৩০ টা, অনুষ্ঠান - বিকাল ৫:৩০ - রাত্রি ১০:০০ টা

ফোকাস ভিডিও
জন্মবার্ষিকী, বিবাহ, সকল প্রকার স্মরণীয় অনুষ্ঠানের ভিডিও করার একমাত্র অভিজ্ঞ প্রতিষ্ঠান।
যোগাযোগ করুনঃ
মিঃ ডেরিক গনছালভেজ ফোনঃ ২১২-৩৫৩-৮৮২১

We congratulate "Probashi Bengali Christian Association" for successfully arranging the `First Bengali Christian Convention - 2003'.
At the same time, we thank you all who came forward to our METLIFE Stall and signed-up for free raffle draw.

Our Services Include:
- Life Insurance
- Disability Income Insurance
- Long Term Care
- Retirement Planning (IRAs, Annuities, 401k)
- Education Funding (529 Plan)
- Mutual Fund
- Confidential Financial Analysis
- Group Health, Dental & Life Insurance

For more information contact:
Dennis Rozario, MBA
MetLife Financial Services
Office: (516) 326-7031
Cell: (516)343-3058
E-mail: drozario@metlife.com